স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১২ ও জুন, ২০১৩

বাংলা (Bengali)

সহায়ক পাঠক্রম (Subsidiary)

তৃতীয় পত্র [(S-3) SBG-III : Upanyas-Chhoto Golpo-Probondho-Natak]

সময় ঃ তিন ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) কপালকুণ্ডলা উপন্যাসের গঠনশৈলী সম্পর্কে আলোচনা করে এই উপন্যাসে উপকাহিনির প্রয়োজনীয়তা বিষয়ে মন্তব্য করুন।

(খ) 'স্ত্রীর পত্র' গল্পটির মধ্যে নারীর আত্মস্বাতন্ত্র্যের যে বলিষ্ঠ ঋজু স্বর ফুটে ওঠে সে সম্পর্কে বিশ্লেষণাত্মক আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(গ) 'শূদ্র জাগরণ' প্রবন্ধটির মর্মার্থ আলোচনা করে প্রথমাংশ এবং দ্বিতীয়াংশের তুলনা করুন।

(ঘ) 'নবান্ন' নাটকের নামকরণের তাৎপর্য আলোচনা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসের মতিবিবি চরিত্রটি সম্পর্কে লিখুন।

(খ) 'পুঁইমাচা' গল্পের সহায়হরি চরিত্রটি কীভাবে গল্পের শিল্পিত প্রকাশের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে তা আলোচনা করুন।

(গ) গণনাট্য আন্দোলনের সঙ্গে 'নবান্ন' নাটকের সম্পর্ক কী ? আলোচনা করুন।

(ঘ) 'তারিণীমাঝি' গল্পে ময়ূরাক্ষীতে বন্যার সংকেত কীভাবে পাওয়া যায় এবং সেই বন্যার ফলে পারিপার্শ্বিক এলাকার ছবিটা কেমন হয়েছিল তা গল্পটির মূলপাঠের ওপর ভিত্তি করে লিখুন।

(ঙ) আপনার পাঠ্য 'গীতিকাব্য' প্রবন্ধের দ্বিতীয়াংশে প্রাবন্ধিক কী বলতে চেয়েছেন ?

(চ) কালীপ্রসন্ন সিংহের পাঠ্য প্রবন্ধে কলিকাতার চড়কের যে বর্ণনা দেওয়া হয়েছে সে সম্পর্কে লিখুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) 'নবান্ন' নাটকের শেষ দৃশ্যটির তাৎপর্য কী ?

(খ) 'নবান্ন' নাটকটি কোন্ পত্রিকায় কবে প্রকাশিত হয় ? এই নাটকের আটটি চরিত্রের নাম লিখুন।

(গ) মার্ক টোয়েনের লাইব্রেরির কথা কোন্ প্রবন্ধে আছে ? প্রবন্ধটি কোন্ লেখকের কোন্ গ্রন্থের অন্তর্গত ? লাইব্রেরিটি কেমন ?

(ঘ) কৈলাশ ডাক্তারের লাশকাটা ঘরে বিস্ময়ের কারণ কী ?

(ঙ) নিম্নলিখিত উক্তিগুলি কার এবং কোন্ রচনার থেকে উদ্ধৃত :

(অ) ''বুক ভরিয়া বাতাস টানিয়া লইয়া আকুলভাবে সে কামনা করিল, আলো ও মাটি।''

(আ) ''তোমাদের গলিকে আর আমি ভয় করি নে। আমার সমুখে আজ নীল সমুদ্র, আমার মাথার উপর আষাঢ়ের মেঘপুঞ্জ।''

(চ) 'সম্ভবত এই আইনের এলাকা বহুদূর বিস্তৃত ...' প্রসঙ্গ নির্দেশ করে এই আইনের সম্পর্কে কী বলা হয়েছে সেটি লিখুন।

(ছ) 'পরসম্বন্ধীয়' এবং 'আত্মচিত্তসম্বন্ধীয়' বিষয় দুটির পার্থক্য সম্পর্কে প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের মতামত লিখুন।

(জ) 'কপালকুণ্ডলা' উপন্যাসের একটি অতিপ্রাকৃত ঘটনার উল্লেখ করুন।